

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৮.১৬.০০২.১৮-৩১৯

তারিখ: ৮ ভাদ্র ১৪৩০

২৩ আগস্ট ২০২৩

বিষয়: জনাব শারমিন সুলতানা (১৯৩২৬), সহকারী কমিশনার (শিক্ষানবিশ), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার-এর চাকরির ধারাবাহিকতা রক্ষা ও বেতন সংরক্ষণ সংক্রান্ত।

সূত্র: ১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং: ০৫.০০.০০০০.১৩৭.১৩.০০১.২০-২৩৫, তারিখ: ২৪ জুলাই ২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জনাব শারমিন সুলতানা (১৯৩২৬), সহকারী কমিশনার (শিক্ষানবিশ), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার তার চাকরিকাল গণনা ও বেতন সংরক্ষণ এবং অন্যান্য আর্থিক সুবিধা প্রাপ্তির নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেছেন। তার আবেদনে উল্লেখ করা হয়েছে যে, বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদানের পূর্বে তিনি ৩৮তম বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারে প্রভাষক (অর্থনীতি) পদে কর্মরত ছিলেন। তার পূর্বের চাকরির ধারাবাহিকতা এবং বেতন সংরক্ষণের বিষয়টি বিবেচনার জন্য নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) ৩৮ তম বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারে মোট চাকরিকাল;
- (খ) উক্ত ক্যাডারে চাকরিকালীন কোন কর্মবিরতি ছিল কি না;
- (গ) উক্ত চাকরিকালীন বরখাস্ত/সাময়িক বরখাস্ত ছিলেন কি না;
- (ঘ) চাকরিকালীন বিনা বেতনে ছুটি ভোগ করেছেন কি না;
- (ঙ) চাকরিকালীন সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে শৃঙ্খলাজনিত কোন অভিযোগ ছিল কি না;

২৩-৮-২০২৩

খোদেজা খাতুন

উপসচিব

ফোন: ৯৫৭৬৬৭৯

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা  
ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৮.১৬.০০২.১৮-৩১৯/১(৩)

তারিখ: ৮ ভাদ্র ১৪৩০

২৩ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা।

২) জনাব শারমিন সুলতানা (১৯৩২৬), সহকারী কমিশনার (শিক্ষানবিশ), জেলা প্রশাসকের কার্যালয়,  
মৌলভীবাজার।

৩) অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২৩-৮-২০২৩

খোদেজা খাতুন

উপসচিব